



# প্রান্তিক ওয়েলফেয়ার ট্রাস্ট PRANTIK WELFARE TRUST

আর্ত মানবতার সেবায় নিয়োজিত  
(Regn.No.IV-6 dated 22.04.2010)

**বিষয়ঃ চট্টগ্রামের শহরে একটি ডায়গনিস্টিক সেন্টার স্থাপনের লক্ষ্য উপ-কমিটি গঠন প্রসঙ্গে :**

২০শে জানুয়ারী, ২০২৩ কারিতাস সেন্টার, চট্টগ্রাম আঞ্চলিক অফিসে অনুষ্ঠিত প্রান্তিক ওয়েলফেয়ার ট্রাস্টের ১৩তম সাধারণ সভায় সম্মানিত প্রবীণ অখর মিঃ বিমল কান্তি বড়ুয়ার লিখিত প্রস্তাবনা “চট্টগ্রাম শহরে একটি ডায়গনিস্টিক সেন্টার স্থাপন” বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তক্রমে, চট্টগ্রাম শহরে প্রাথমিক পর্যায়ে একটি ডায়গনিস্টিক সেন্টার স্থাপনের লক্ষ্য একটি প্রকল্প প্রতিবেদন দেয়ার জন্য বোর্ড অব ট্রাস্টকে উপস্থাপিত বিষয়ের উপর অভিজ্ঞ সম্মানিত সদস্যদেরকে নিয়ে একটি উপ-কমিটি গঠন করার জন্য অনুরোধ করা হয়। সে অনুসারে বোর্ড অব ট্রাস্টের ২৭ তম সভায় নিম্নে উল্লেখিত সম্মানিত সদস্যদেরকে নিয়ে একটি উপ-কমিটি গঠন করা হয়।

- ১। অধ্যাপক (ডাঃ) প্রভাত চন্দ্র বড়ুয়া - সভাপতি
- ২। মিঃ লোকপ্রিয় বড়ুয়া - সদস্য
- ৩। ডাঃ দিবাকর বড়ুয়া - সদস্য
- ৪। অধ্যাপক ডাঃ অনুপম বড়ুয়া - সদস্য
- ৫। প্রকৌশলী উজ্জ্বল বড়ুয়া - সদস্য
- ৬। প্রকৌশলী তির্থঙ্কর বড়ুয়া - সদস্য
- ৭। মিঃ সত্যজিত বড়ুয়া - সদস্য

এতদসঙ্গে নিম্নে উল্লেখিত কর্ম পরিধি সাপেক্ষে বোর্ড অব ট্রাস্টকে একটি প্রতিবেদন দেয়ার জন্য উপ-কমিটিকে অনুরোধ করা হল। এখানে আরো উল্লেখ্য যে উপ-কমিটির সম্মানিত সদস্যদের দীর্ঘ দিনের কর্মের অভিজ্ঞতার আলোকে উল্লেখিত কর্ম পরিধির বাহিরে যে কোন তথ্য প্রতিবেদনে সন্নিবেশ করতে পারবেন এবং প্রয়োজনে উক্ত বিষয়ে অভিজ্ঞ যে কোন ট্রাস্টি/ব্যক্তিকে উপ-কমিটিতে অর্ন্তভুক্ত করতে পারবেন।

- ১। চট্টগ্রাম শহরে প্রাথমিক পর্যায়ে ডায়গনিস্টিক সেন্টার স্থাপনের লক্ষ্য একাধিক প্রাইম এলাকা নির্ধারণ।
- ২। ডায়গনিস্টিক সেন্টার বাস্তবায়নের জন্য আনুমানিক ফ্লোর স্পেস, অগ্রীম বাবদ টাকার পরিমাণ এবং মাসিক ভাড়ার পরিমাণ।

পৃষ্ঠা - ১/২



# প্রান্তিক ওয়েলফেয়ার ট্রাস্ট PRANTIK WELFARE TRUST

আর্ত মানবতার সেবায় নিয়োজিত  
(Regn. No. IV-6 dated 22.04.2010)

- ৩। মানব শরীরের প্রাথমিক পর্যায়ে কোন্ কোন্ ধরনের প্যাথলজিক্যাল টেস্ট সম্পাদন করা যেতে পারে।
- ৪। টেস্ট সম্পাদনের জন্য কি কি ধরনের মেডিকেল যন্ত্রপাতির ও কিটের প্রয়োজন হবে এবং উহাদের প্রাক্কলিত মূল্য।
- ৫। প্রয়োজনীয় মানব সম্পদ যেমন বিশেষজ্ঞ ডাক্তার, প্যাথলজিস্ট, লেব-টেকনিশিয়ান এবং অফিস/লেব-ম্যানেজার ও অন্যান্য অফিস/লেব সহকারী এবং তাদের আনুমানিক মাসিক বেতন।
- ৬। লেব স্পেসের এবং যন্ত্রপাতির মাসিক রক্ষনাবেক্ষন ব্যয়।
- ৭। প্রতিটি টেস্টের আনুমানিক ব্যয় এবং বানিজ্যিক মধ্যমসারির ডায়গনিস্টিক সেন্টারের বাজার মূল্য (প্রমোশনাল খরচ বাদ দিয়ে)।
- ৮। প্রাথমিক পর্যায়ে প্রকল্প বাস্তবায়নের জন্য আনুমানিক বিনিয়োগ তহবিল এবং চলমান মূলধনের পরিমাণ।
- ৯। প্রকল্প বাস্তবায়নের জন্য অর্থের উৎস।
- ১০। প্রকল্প বাস্তবায়নের জন্য সামগ্রিক পরামর্শ প্রদান।

এ্যাডমিনিস্ট্রিটিভ বোর্ড অব ট্রাস্টিজ এর পক্ষে,

(দেবশীষ বড়ুয়া)

সেক্রেটারী জেনারেল

ফোন : ০১৭১৩-০০৭০৯১

তারিখ : ২৩/০২/২০২৩

বিতরণ :

- ১। উপ-কমিটির সম্মানিত সদস্যবৃন্দ
- ২। ট্রাস্টের ওয়েবসাইটের নোটিশ বোর্ড

পৃষ্ঠা - ২/২